রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন,পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়,ঢাকা ।

সকল শাখা,আঞ্চলিক কার্যালয়,কর্পোরেট শাখা
স্থানীয় কার্যালয়,আর,বি,টি ,আই সহ
প্রধান কার্যালয়ের সকল বিভাগের প্রতিঃ

সার্কুলার নং প্রকা/উন্নয়ন/২০০৯/ ১০
তারিখ ঃ ২৫-০৮-২০০৯ইং

বিষয়ঃ- **রূপালী ব্যাংক লিঃ এ ৭.০০% সুদ হারে ৫(পাঁচ) ও ১০(দশ) বছর মেয়াদী নতুন রূপালী সঞ্চয় স্কীম(RDS) হিসাব চালু করণ প্রসংগে।**

আমরা অত্যন্ত আনন্দের সংগে জানাচ্ছি যে, সমাজের সর্বস্তরের জনগনের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে ব্যাংকের আমানত হিসাবে গ্রহনের লক্ষ্যে সর্বস্তরের পেশাজীবি,চাকুরিজীবি জনগনের আর্থিক কল্যানের প্রতি গুরুত্ব আরোপ করে এবং নিশ্চয়তা প্রদান করে সকলের সঞ্চয়কে একটি নির্দিষ্ট নিয়মে পরিচালনার লক্ষ্যে রূপালী সঞ্চয় স্কীম(RDS) হিসাব খোলার সিদ্ধান্ত পরিচালনা পর্ষদের ২৩-০৭-২০০৯ তারিখে অনুষ্ঠিত ৭৯৪ তম সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। যা পর্ষদের ২৯-০৭-২০০৯ইং তারিখের ৭৯৫ তম সভায় নিশ্চিত করা হয়। এ স্কীম ব্যাংকের আমানতের ভিত্তিকে সুদৃঢ় ও তহবিল ব্যবস্থাপনা মজবুত করতে সহায়ক হবে।

উল্লেখ্য যে, পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ২৩-১১-২০০৪ তারিখের প্রকা/উন্নয়ন/১৫ নং সার্কুলারের মাধ্যমে চালুকৃত আর,ডি,পি এস-২ হিসাব না খোলার জন্য নির্দেশ প্রদান করা হলো । তবে যে সকল হিসাব ইতোমধ্যে খোলা হয়েছে তা যথারীতি মেয়াদ পূর্ন অবধি চালু থাকবে। আগামী ০১-০৯-২০০৯ইং তারিখ হতে রূপালী সঞ্চয় স্কীম(RDS) হিসাব খোলা যাবে। রূপালী সঞ্চয় স্কীম (RDS) হিসাব খোলার নিয়মাবলী নিম্নরূপ ঃ-

১.০০। হিসাব খোলার পদ্ধতি ও পরিচালনার নিয়মাবলী ঃ-

১) আঠার বছর বা তদুর্ধ এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে রূপালী ব্যাংকের যে
কোন শাখায় আর,ডি,এস হিসাব এর আওতায় ব্যাংকের নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে হিসাব খুলতে পারবেন।

২) আরডিএস হিসাবের মেয়াদকাল হবে ৫(পাঁচ) ও ১০ (দশ) বছর।

৩) মাসিক কিস্তির হার টাঃ ৫০০/-টাঃ১০০০/-টাঃ১৫০০/-টাঃ২০০০/-টাঃ৩০০০/-টাঃ ৫০০০/-

৪) আরডি,এস(RDS) হিসাবের সুদের হার ৭.০০% (চক্রবৃদ্ধি হারে) সুদ প্রদান করা হবে। প্রতিটি হিসাবের বার্ষিক ভিত্তিতে প্রতি ডিসেম্বরে সুদ প্রদেয় হবে।

৫) হিসাবটি মেয়াদ পূর্তীতে এককালীন প্রদেয় যোগ্য স্কীম।

৬) প্রতি মাসের ১ থেকে ৮ তারিখের মধ্যে আর,ডি,এস হিসাব খোলা যাবে এবং ৮ তারিখ সরকারী ছুটির দিন/সাপ্তাহিক ছুটি থাকলে পরবর্তী কর্ম দিবসে হিসাব খোলা যাবে/কিস্তির টাকা জমা দেয়া যাবে।

৭) হিসাব খোলার সময় আমানতকারীকে তার যথাযথ পরিচিতি প্রদান এবং পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি এবং আমানতকারী কর্তৃক সত্যায়িত নমিনীর ছবি প্রদান করতে হবে।আর,ডি,এস হিসাব খোলার সময় শাখা অভিন্ন হিসাব খোলার ফরম (Uniform document) ব্যবহার করে হিসাব খুলবে এবং অতিরিক্ত তথ্য হিসাবে আর,ডি,এস স্কীমের নিয়মাবলী গ্রাহক কর্তৃক স্বাক্ষর করিয়ে নিতে হবে এবং তা হিসাব খোলার অভিন্ন ফরমের সাথে সংযুক্ত করে রাখতে হবে।

৮) হিসাব খোলার ফরমে কিস্তির পরিমান অর্থাৎ টাকার (অংকে ও কথায়) কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন,পরিবর্ধন বা পরিবর্তন কোন অবস্থাতেই গ্রহনযোগ্য নয়।

৯) কোন নাবালক বা নাবালিকা অথবা যুগ্মনামে এ স্কীমের আওতায় হিসাব খোলা যাবে না।

১০) এ স্কীমের আওতায় একই ব্যাক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় একাধিক হিসাব খোলা যাবে না। পরবর্তীতে এক নামে একাধিক হিসাব খোলার ঘটনা উদঘাটিত হলে ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের সবকটি হিসাব বন্ধ করে দেয়ার অধিকার সংরক্ষন করে।

১১) আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় ব্যাংকের " Schedule of Charges" এ নির্ধারিত নির্দিষ্ট ফি প্রদান পূর্বক হিসাব স্থানান্তর করা যাবে।

১২) প্রত্যেকটি হিসাবের জন্য ভিন্ন ভিন্ন হিসাব নম্বর দেয়া হবে।

১৩) হিসাব খোলার সময় গ্রাহককে পৃথক একটি কার্ডে নমুনা স্বাক্ষর প্রদান করতে হবে।

১৪) আর,ডি,এস হিসাব খোলার সময় নমিনী নিযুক্ত করতে হবে। একাধিক নমিনী হলে নমিনীর অংশ নির্ধারন করতে হবে।

চলমানপাতা/২

২.০০। মাসিক কিস্তি জমাদান পদ্ধতি ঃ

১) নগদে অথবা যে শাখাতে আর,ডি,এস(RDS) হিসাবটি খোলা হবে শুধুমাত্র ঐ শাখার কোন হিসাবের চেক (চেকটি অবশ্যই নির্ধারিত সময়ে পরিশোধ যোগ্য হতে হবে) দ্বারা এই স্কীমে আমানতকারীকে প্রতিমাসের ০১ তারিখ থেকে ০৮ তারিখের মধ্যে হিসাব খোলার ফরমে উল্লেখিত মূল্যমান অনুযায়ী সংশ্লিষ্ট মাসের কিস্তির টাকা জমা দেয়া যাবে।

২) আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়/চলতি হিসাব থাকলে সে হিসাব থেকে উক্ত স্কীমের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন। তবে এ ক্ষেত্রে আমানতকারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী বা চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষন করতে হবে এবং স্থায়ী নির্দেশনার আওতায় প্রতিটি লেনদেনের সময় ২০/- টাকা হারে কমিশন আদায়যোগ্য হবে। পর্যাপ্ত স্থিতি না থাকার কারণে কিস্তি খেলাপী হলে তার জন্য ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩) আমানতকারীর মৃত্যুর পর নমিনী কর্তৃক হিসাবে কিস্তির অর্থ জমাদান পূর্বক হিসাব চালু রাখা যাবে না।

৪) হিসাবের কিস্তির পরিমান পরিবর্তন করা যাবে না।

৫) পারস্পরিক সমঝোতার ভিত্তিতে এ স্কীমের আওতায় অগ্রীম কিস্তি জমা দেয়া যাবে কিন্তু জমাকৃত অগ্রীম কিস্তির উপর সুদ প্রদেয় হবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য হবে সেই মাস থেকে সুদ প্রদেয় হবে।

৩.০০। মেয়াদ পূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক হিসাব বন্ধ করা হলে ,স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে গেলে এবং গ্রাহকের মৃত্যু হলে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী টাকা ফেরৎ পাওয়া যাবে।

১) হিসাব বন্ধের বিপরীতে অত্র ব্যাংকের ‘‘Schedule of Charges’’ এ নির্ধারিত নির্দিষ্ট সার্ভিস চার্জ আদায়যোগ্য হবে।

২) হিসাব খোলার ১(এক) বছরের মধ্যে হিসাবটি বন্ধ হলে শুধুমাত্র আসল টাকা ফেরৎ পাবে।

৩) হিসাব খোলার ১(এক) বছরের বেশী কিন্তু ৩ (তিন) বছর পর্যন্ত হলে ৫.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ
পাবে।

৪) হিসাব খোলার ৩(তিন) বছরের বেশী কিন্তু ৫ (পাঁচ) বছরের কম হলে ৬.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ পাবে।

৫) হিসাব খোলার ৫(পাঁচ) বছরের বেশী কিন্তু ১০(দশ) বছরের কম হলে ৭.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ পাবে।

৪.০০। হিসাবটি স্বয়ংক্রিভাবে বন্ধ হয়ে যাওয়া ও পুনঃ বৈধকরণ ঃ

১) হিসাব খোলার পর ক্রমাগত ০২ (দুই) মাসের কিস্তি জমা দেয়া না হলে তৃতীয় মাসের ০৮ তারিখের মধ্যে গ্রাহকের আবেদন পত্র এবং শতকরা মাসিক ০২ (দুই) টাকা সুদসহ প্রতি কিস্তি জমা দেয়া যাবে অন্যথায় গ্রাহককে নোটিশ ব্যতিত হিসাবটি স্বয়ংক্রিভাবে বন্ধ হয়ে যাবে এবং ১(এক) বছরের মধ্যে হিসাবটি বন্ধ হলে শুধুমাত্র আসল টাকা ফেরৎ পাবে। ১(এক) বছরের বেশী কিন্তু ৩ (তিন) বছর পর্যন্ত হলে ৫.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ পাবে।৩(তিন) বছরের বেশী কিন্তু ৫ (পাঁচ) বছরের কম হলে ৬.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ পাবে।৫(পাঁচ) বছরের বেশী কিন্তু ১০(দশ) বছরের কম হলে ৭.% সরল সুদ সহ আসল টাকা ফেরৎ পাবে।

২) গ্রাহকের ভুলের কারণে এক শাখার কিস্তি অন্য শাখায় অথবা একই শাখার ভুল হিসাব নম্বর/শিরোনামে কিস্তির টাকা জমা হলে তা কিস্তি খেলাপীহিসাবে গন্য করা হবে।

৩) পাঁচ বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে মোট ০৫ পাঁচ বার এবং ১০(দশ) বছর মেয়াদের ক্ষেত্রে মোট ১০(দশ) বার কিস্তি খেলাপী গ্রহনযোগ্য হবে । এর অতিরিক্ত কিস্তি খেলাপী হলে গ্রাহককে নোটিশ ব্যতীত হিসাবটি স্বংয়ক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে ।

৫.০০। মেয়াদ পূর্তিতে গ্রাহককে এককালীন পরিশোধ পদ্ধতি ঃ

মাসিক কিস্তির টাকার পরিমান	০৫(পাঁচ বছর) মেয়াদ শেষে এককালীন প্রদেয় টাকার পরিমান			১০(দশ বছর) মেয়াদ শেষে এককালীন প্রদেয় টাকার পরিমান		
	কিস্তির পরিমান	সুদের পরিমান	মেয়াদান্তে সুদ+আসল টাকার পরিমান	কিস্তির পরিমান	সুদের পরিমান	মেয়াদান্তে সুদ+আসল টাকার পরিমান
৫০০/-	৩০,০০০/-	৫,৭৭৩/-	৩৫,৭৭৩/-	৬০,০০০/-	২৫,৮৬০/-	৮৫,৮৬০/-
১০০০/-	৬০,০০০/-	১১,৫৪৭/-	৭১,৫৪৭/-	১,২০,০০০/-	৫১,৭২১/-	১,৭১,৭২১/-
১৫০০/-	৯০,০০০/-	১৭,৩২১/-	১,০৭,৩২১/-	১,৮০,০০০/-	৭৭,৫৮২/-	২,৫৭,৫৮২/-
২০০০/-	১,২০,০০০/-	২৩,০৯৫/-	১,৪৩,০৯৫/-	২,৪০,০০০/-	১,০৩,৪৪২/-	৩,৪৩,৪৪২/-
৩০০০/-	১,৮০,০০০/-	৩৪,৬৪২/-	২,১৪,৬৪২/-	৩,৬০,০০০/-	১,৫৫,১৬৪/-	৫,১৫,১৬৪/-
৫০০০/-	৩,০০,০০০/-	৫৭,৭৩৮/-	৩,৫৭,৭৩৮/-	৬,০০,০০০/-	২,৫৮,৬০৭/-	৮,৫৮,৬০৭/-

চলমানপাতা/৩

বিঃ দ্রঃ

(১) সুদ প্রদানের ক্ষেত্রে পয়সার অংক বাদ দিয়ে পূর্ন টাকায় সুদ প্রদান করতে হবে। উদাহরন স্বরূপ সুদের পরিমান ১২.০১ হতে ১২.৯৯ টাকা পর্যন্ত যাহাই হোক না কেন পূর্ন ১২ টাকা সুদ প্রদানযোগ্য হবে।

(২) আর,ডি,এস হিসাবের মেয়াদ পুর্তীতে এককালীন প্রাপ্য পরিশোধের সময় শেষ কিস্তির উপর সুদ প্রদানকালে উপরোক্ত ছকের মোট সুদের সাথে সঙ্গতি রাখতে হবে। পূর্ববর্তী বছর সমুহে সুদ কম/বেশী প্রদান করা হয়ে থাকলে এই সাথে তা সমন্বয় করে নিতে হবে।

৬.০০। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা ঃ

হিসাবধারী পারিবারিক প্রয়োজনে তার চালু হিসাবের বিপরীতে নিম্নোক্ত নিয়মে ঋণ গ্রহন করতে পারবে।

১) গ্রাহক শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদনের মাধ্যমে ঋণের পরিমান সুনির্দিষ্টভাবে উল্লেখ করে ঋণ প্রদানের জন্য আবেদন করবে। গ্রাহকের হিসাবেরস্থিতির সর্বোচচ ৮০% পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।

২) শাখা প্রধান এই ঋণ মঞ্জুর করতে পারবেন। তবে গ্রাহককে প্রদত্ত ঋণ/ঋণের স্থিতি (সুদসহ) কোনক্রমেই যেন গ্রাহকের আর,ডি,এস হিসাবের স্থিতিকে অতিক্রম না করে সে বিষয়ে বিশেষ ভাবে খেয়াল রাখতে হবে। সুদসহ ঋনের স্থিতি আর,ডি,এস হিসাবের স্থিতিকে অতিক্রম করার পূবেই ঋনের বকেয়া সমন্বয়ের পর ঋণ হিসাবটি বন্ধ করে দিতে হবে।

৩) ঋণ মঞ্জুর করা হলে গ্রাহকের নিকট হতে প্রযোজনীয় সি,এফ এবং এস,এফ ফর্ম(রেভিনিউ ষ্ট্যাম্পসহ) স্বাক্ষর করিয়ে নিতে হবে।

৪) ঋনের সুদের হার গ্রাহককে প্রদত্ত আর,ডি,এস সুদের অতিরিক্ত ৩%(একালীন অথবা কিস্তিতে এই ঋণ পরিশোধ করা যাবে)

৫) ঋণ গ্রহনের পর আদায়ের পূর্বেই গ্রাহকের মৃত্যু হলে ব্যাংক লিখিত ভাবে বিষয়টি অবগত হওয়ার পর গ্রাহকের আর,ডি,এস হিসাবের পর্যাপ্ত স্থিতি হতে ঋণটি সমন্বয় করা হবে।

৭.০০। বিবিধ ঃ

১) এই হিসাব পরিচালনার জন্য পৃথক হিসাব খোলার রেজিষ্টার এবং পৃথক লেজার ও ডে-বুক ব্যবহার করতে হবে।

২) চেক লেজার,ক্লীন ক্যাশ,জেনারেল লেজার ও সাপ্তাহিক এ্যাফেয়ার্সে আর,ডি,এস হিসাব নামে পৃথক শিরোনাম খুলতে হবে। সুদ প্রদানের জন্য সাপ্লিমেন্টারী লেজারে Intt.Payable on আর,ডি,এস এবং Intt. Paid আর,ডি,এস হিসাব খুলতে হবে এবং সুদের মাসিক প্রভিশন করতে হবে।

৩) উক্ত স্কীমের আওতায় খোলা হিসাবের ক্ষেত্রে সরকারী আদেশ বা নির্দেশের প্রেক্ষিতে কর অথবা অন্যান্য চার্জ আদায়যোগ্য ।

৪) স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় এতদসংক্রান্ত বিষয়ে সুদের হার পরিবর্তনসহ ভবিষ্যতে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন সম্পুর্ন ব্যাংকের এখতিয়ারভুক্ত থাকবে।

৫) আর,ডি,এস হিসাব খোলার জন্য প্রধান কার্যালয় হতে হিসাব খোলা এবং পরিচালনার নিয়মাবলী ,জমার বই, স্বাক্ষর কার্ড ও পাশ বই এর নমুনা প্রেরণ করা হবে। অঞ্চল ও কর্পোরেট শাখা এবং স্থানীয় কার্যালয় তাদের নিয়মাচার পরিপালনপূর্বক বই ছাপানো ও সরবরাহের ব্যবস্থা করবেন। তবে যতদিন না সরবরাহ করা হবে ততদিন RDPS-2 এর জমার বই এবং স্বাক্ষর কার্ড ব্যবহার করা যাবে । তবে ‘‘রূপালী সঞ্চয় স্কীম (RDS) ’’হিসাব শিরোনামে সিলমোহর ব্যবহার করতে হবে।

(রেখা রানী গুণ)
উপমহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক